

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা-০৬ (ভোকেশনাল-০১)
এফ-০৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে-বাংলা নগর, ঢাকা-১২০৭।

স্মারক নং- কাশিঅ/অধ্যক্ষ/ভোক/জয়পুরহাট/১৮৭০/২০০৯/

তারিখ : /০৪/২০১৭ খ্রিঃ

বিষয় : অধ্যক্ষ এর বদলি জনিত কারণে সুপার কোয়ার্টারে পরিবারের বসবাসের অনুমতি প্রসঙ্গে।

সূত্র : জয়পুরহাট টেকনিক্যাল স্কুল ও কলেজের স্মারক নং-টিএসসি(জ)/২৮০ তারিখ: ০৩/০৪/২০১৭ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন নং-৩৭.০০.০০০০.৭৬০.০৩.০০৫.১৫.৩৬ তারিখ: ২৩/০১/২০১৭ খ্রিঃ মোতাবেক জয়পুরহাট টেকনিক্যাল স্কুল ও কলেজের অধ্যক্ষ জনাব মোঃ বেলাল হোসেন-কে পার্বতীপুর টেকনিক্যাল স্কুল ও কলেজে বদলীতে পদায়ন করা হয়। তিনি উক্ত আদেশের প্রেক্ষিতে পার্বতীপুর টেকনিক্যাল স্কুল ও কলেজে যোগদান করলেও অদ্যাবধি জয়পুরহাট টেকনিক্যাল স্কুল ও কলেজের অধ্যক্ষ এর নামে এয়ারমার্ক করা বাসাটি অদ্যাবধি জয়পুরহাট টেকনিক্যাল স্কুল ও কলেজে যোগদানকৃত অধ্যক্ষ জনাব মোঃ সরিফুল ইসলাম এর নিকট হস্তান্তর করেননি। উল্লেখ্য যে, পার্বতীপুর টেকনিক্যাল স্কুল ও কলেজের অধ্যক্ষ জনাব মোঃ বেলাল হোসেন এর আবেদনের প্রেক্ষিতে অত্র অধিদপ্তরের স্মারক নং-কাশিঅ/অধ্যক্ষ/ভোক/জয়পুরহাট/১৮৭০/২০০৯/ ৩৫৯ তারিখ: ২০/০২/২০১৭ খ্রিঃ মোতাবেক এয়ারমার্ককৃত বাস ভবনে অন্যকারো বসবাসের সুযোগ না থাকায় তাঁর আবেদন বিবেচনা করা গেলো না মর্মে পত্র মারফত জানিয়ে দেয়া হয়েছিল।

২। এমতাবস্থায়, বর্ণিত এয়ারমার্ককৃত বাস ভবনটির সকল বিল পরিশোধপূর্বক জয়পুরহাট টেকনিক্যাল স্কুল ও কলেজে কর্মরত অধ্যক্ষ জনাব মোঃ সরিফুল ইসলাম এর নিকট হস্তান্তর করে অত্র অধিদপ্তরকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

স্বাক্ষরিত/-
(ড. মোঃ নূরুল ইসলাম)
পরিচালক (ভোকেশনাল)
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

প্রাপক : জনাব মোঃ বেলাল হোসেন
অধ্যক্ষ
পার্বতীপুর টেকনিক্যাল স্কুল ও কলেজ
পার্বতীপুর, দিনাজপুর।

স্মারক নং- কাশিঅ/অধ্যক্ষ/ভোক/জয়পুরহাট/১৮৭০/২০০৯/৭৫০ (০৭)

তারিখ : ২৭/০৪/২০১৭ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জেষ্ঠ্যতার ভিত্তিতে নহে) :

- ০১। অধ্যক্ষ, জয়পুরহাট টেকনিক্যাল স্কুল ও কলেজ।
- ০২। প্রধান হিসাব রক্ষণ অফিসার, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা।
- ০৩। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, জয়পুরহাট।
- ০৪। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, পার্বতীপুর, দিনাজপুর।
- ০৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আই.সি.টি. সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (পত্রখানা অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ০৬। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৭। সংরক্ষণ/সংশ্লিষ্ট নথি।

(মোঃ জহুরুল ইসলাম)
সহকারী পরিচালক

কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।